গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৫১.৭৭.০০১.২১(যুকত)-২০

তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
২৪ মে, ২০২১ খ্রিস্টাব্দ

## অনুদানের বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে যুব সংগঠনসমূহকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরের জন্য প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের নিমিত্ত নিম্নোক্ত নীতিমালা/শর্তাবলি অনুসারে অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১. আবেদনকারী যুব সংগঠনসমূহকে আবশ্যিকভাবে (Mandatory) দেশের বিদ্যমান আইন অনুযায়ী রেজিস্ট্রেশন/ নিবন্ধনভুক্ত হতে হবে।

২. যুবকল্যাণ তহবিল হতে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নিবন্ধিত সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

৩. উপানুষ্ঠানিক শিক্ষা, ধাত্রীবিদ্যা, ঋণ কার্যক্রম ইত্যাদি সম্পর্কিত কার্যক্রম/প্রকল্প অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।

৪. প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য সম্ভাব্য মোট ব্যয়ের কমপক্ষে শতকরা ১০ (দশ) ভাগ অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।

৫. নির্বাচিত সংগঠনের প্রকল্পের গুণাগুণ (Merit) বিবেচনা করে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত প্রকল্প অনুদান প্রদান করা হবে।

৬. যুবনারী অথবা তৃতীয়লিঙ্গ অথবা প্রতিবন্ধী/বিশেষ চাহিদাসম্পন্নদের দ্বারা পরিচালিত সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৭. আবেদনপত্রের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণক আপলোড করতে হবে।

৮. গত অর্থবছরে (২০১৯-২০২০) যেসব যুব সংগঠন অনুদান পেয়েছে তাদের আবেদন অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৯. দুর্গম/পশ্চাৎপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যপীড়িত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে সকল শর্ত পূরণ সাপেক্ষে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

১০. আবেদনকারী সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে যথাস্থানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন থাকতে হবে ( বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তার হওয়ায় যুব সংগঠন কর্তৃক কোন সনদ সংগ্রহ করার প্রয়োজন নেই)।

১১. অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে- (ক) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় সংগঠনের প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের বিবরণ (বয়স ১৮-৩৫ বছর), (খ) বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থান (গ) দারিদ্র বিমোচনে সুযোগ সৃষ্টি (ঘ) উদ্যোক্তা তৈরি (ঙ) ইনোভেশন কার্যক্রম সম্পর্কিত চাহিত তথ্যাদি আপলোড করতে হবে।

১২. সংগঠনের অন্যান্য কার্যক্রম তথা (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম (যেমন- ইভটিজিং/ বাল্যবিবাহ প্রতিরোধ, মশক নিধন, জলবায়ু পরিবর্তন ও প্রকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, যৌতুক বিরোধি কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম ইত্যাদি) (২) যুবদের মূল্যবোধ উৎকর্ষ সাধন কার্যক্রম (৩) স্বেচ্ছাসেবী কার্যসম্পাদন বিষয়ক তথ্যাদি অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।

১৩. নীতিমালা বহির্ভূত প্রকল্প অনুদানের যোগ্য হিসেবে বিবেচিত হবে না ।

১৪. যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম ও সিদ্ধান্ত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত ।

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ( **www.moysports.gov.bd** ) এর অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান লিংকে অথবা সরাসরি **http://103.48.18.205/Grants/** ব্রাউজ করে নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তৎসঙ্গে ফিল্ডওয়ারি প্রযোজ্য চাহিত তথ্যাদি **PDF** আকারে আপলোড (**Upload**) করে তা আগামী ২৮ জুন ২০২১ খ্রিস্টাব্দ (১৪ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ) তারিখের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন দাখিল কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

৩। উল্লেখ্য, অনলাইন আবেদন দাখিলের পদ্ধতিসমূহ অনুসরণ করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির শেষে প্রদর্শন করা হয়েছে।

24/05/2021

সোনিয়া হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৫৫০৯

## অন-লাইন আবেদন দাখিলের অনুসরণীয় পদ্ধতিসমূহ ( যুব সংগঠনের জন্য ) :

১. প্রথমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ( **www.moysports.gov.bd** ) ওপেন করুন এবং ডান পার্শ্বে অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত **যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান** –এ ক্লিক করুন অথবা ওয়েবসাইটে সরাসরি **http://103.48.18.205/Grants/** ব্রাউজ করুন।

২. ২০২০-২০২১ অর্থবছরের জন্য **অনুদানের বিজ্ঞপ্তি** প্রদর্শিত হবে।

৩. বিজ্ঞপ্তির উপরের বাম কর্ণারে **অনুদানের আবেদন ফরম** –এ ক্লিক করুন।

৪. ফরম পূরণের ক্ষেত্রে কিছু নির্দেশনা দেখা যাবে। অন-লাইন আবেদন ফরমের ফিল্ডসমূহ যথাযথভাবে পূরণের জন্য চোখ চিহ্নিত বাটনে ক্লিক করুন এবং এক প্রস্থ আবেদন ফরম প্রিন্ট করে চাহিত/সংযুক্তির জন্য সকল তথ্যাদি/পেপার প্রস্তুত রাখুন। অতঃপর **এখন নয়** বাটনে ক্লিক করে বের হয়ে আসতে হবে।

৫. সংযুক্তির জন্য সকল তথ্যাদি প্রস্তুত হলে একইভাবে ওপেন করুন এবং সবুজ লেখা **আবেদন ফরম** – এ ক্লিক করুন।

৬. সতর্কতার সাথে সকল ফিল্ডগুলো পূরণ করুন এবং **ইংরেজিতে ক্যাপচা দিয়ে দেখুন** বাটনে ক্লিক করুন।

৭. প্রিন্ট বাটনের উপর ক্লিক করে প্রয়োজনীয় সংখ্যক পূরণকৃত আবেদন প্রিন্ট করে সংরক্ষণ করুন ।

৮. যে সকল ফিল্ড ইংরেজিতে পূরণের জন্য বলা হয়েছে তা অবশ্যই ইংরেজিতে পূরণ করুন।

৯. পরবর্তী ধাপে যাবার পূর্বে পূরণকৃত আবেদনের কোন অংশ সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন করতে হলে **এডিট** বাটনে ক্লিক করুন এবং চাহিদা মোতাবেক সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন করুন এবং পুনরায় **ইংরেজিতে ক্যাপচা** দিন এবং প্রস্তুতকৃত সংযুক্তিসমূহ আপলোড করার জন্য **পরবর্তী ধাপ** বাটনে ক্লিক করুন ।

১০. সংযুক্তিসমূহ আপলোড করার জন্য প্রদর্শিত নির্দেশনাসমূহ ভালভাবে দেখুন।

১১. সংযুক্তিসমূহ **PDF** আকারে স্ক্যান করে সিরিয়াল অনুযায়ী **আপলোড (Upload)** করুন এবং প্রতিটি সংযুক্তির আপলোড হওয়ার সাথে সাথে ডান পার্শ্বে **OK** লেখা দেখা যাবে এবং **চোখ চিহ্নিত** বাটনে ক্লিক করে দেখে নিন আপলোডটি সঠিক হয়েছে কিনা ।

১২. যথাযথভাবে আপলোড না হয়ে থাকলে পুনরায় আপলোড **(Upload)** করুন এবং সাথে সাথে পূর্বের আপলোড বাতিল হয়ে যাবে।

১৩. চাহিত সকল সংযুক্তি আপলোড করার পর নির্ধারিত স্থানে **টিক(√)** চিহ্ন দিন এবং **দাখিল করুন** বাটনের উপর ক্লিক করুন।

১৪. আবেদনপত্র দাখিল হবার প্রমানস্বরূপ ট্র্যাকিং নম্বরসহ প্রদর্শিত সনদপত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন।

১৫. উল্লেখ্য, **অন-লাইন আবেদন দাখিল করার পর পরবর্তীতে পরবর্তন/পরিমার্জন করার কোনরূপ সুযোগ নেই বা দ্বিতীয়বার আবেদন করারও কোন সুযোগ নেই।**

১৬. ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT)-এর মাধ্যমে অনুদানের অর্থ সংগঠনের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে স্থানান্তর করার সম্ভবনা রয়েছে। তাই অন্যান্য তথ্যাদির পাশাপাশি সংগঠনের সঠিক ব্যাংক **হিসাব নম্বর (Account Number)** এবং রাউন্টিং নম্বর **(Routing Number)** ব্যাংক থেকে জেনে অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে সঠিকভাবে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।

১৭. প্রযোজ্য ক্ষেত্রে **০১৯৪২২০১৫৬১ ও ০১৭৫০৪৩০৭৯৫** মোবাইল নম্বরে ফোন করে পরামর্শ নেয়া যাবে।

=====0=====